



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ  
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।  
www.caab.gov.bd  
এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট বিভাগ



স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.১৪৪.০২.০১৫.২০.২০

তারিখ: ২৫ পৌষ ১৪২৯

০৯ জানুয়ারি ২০২৩

বিষয়:

পূর্বাচল নতুন শহর প্রকল্পের ১৯ নং সেক্টরস্থ CBD (CENTRAL BUSINESS DISTRICT)  
এলাকায় প্রস্তাবিত আইকনিক টাওয়ার নির্মাণকল্পে উচ্চতার ছাড়পত্র প্রদান প্রসংগে।

সূত্র:

ক) ২৫.৩৯.০০০০.১৪৬.১৪.০০৮.২০২২/৫২৭, তারিখ: ১৩/১২/২০২২খ্রিঃ।

খ) ২৫.৩৯.০০০০.১৪৬.১৪.০০৮.২০২২/৫২৪, তারিখ: ১৩/১২/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রসমূহের বরাতে জানানো যাচ্ছে যে, গত ১৩/১০/২০২২খ্রিঃ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভায় সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের সম্মতিক্রমে পূর্বাচল নতুন শহরে প্রস্তাবিত উচ্চতায় আইকনিক টাওয়ার নির্মাণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী, প্রস্তাবিত স্থানে (সংশ্লিষ্ট অন্যান্য সরকারী সংস্থা/বিভাগের অনাপত্তি ও নিম্নেবর্ণিত শর্ত স্বাপেক্ষে) ছকে প্রদর্শিত উচ্চতা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

ক্রমিক নং	স্থাপনা/ভবন নির্মাণের প্রস্তাবিত স্থান/জমির তফসিল	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের এরোড্রাম এলিভেশন হতে অনুমোদিত উচ্চতা
০১।	আইকনিক টাওয়ার, CBD (Central Business District) এলাকা, পূর্বাচল নতুন শহর প্রকল্প, সেক্টর নং-১৯, ঢাকা।	৪৭৩(চারশত তেহাত্তর) মিটার/ ১৫৫২(এক হাজার পাঁচশত বায়ান্ন)ফুট

২। উল্লেখ্য যে, উক্ত স্থাপনা নির্মাণের ক্ষেত্রে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর (হশাআবি)-এর OLS এর আলোকে ANO (AD) A1 এবং ICAO Annex-14 এর নিয়ম অনুযায়ী বেবিচকের বিধি মোতাবেক ভবিষ্যতে হশাআবিতে নিরাপদ বিমান উড্ডয়ন নিশ্চিত করণের বিষয়টি বিবেচনা করে উক্ত উচ্চতার বিপরীতে প্রদত্ত ছাড়পত্রের ক্ষেত্রে নিম্নে বর্ণিত শর্তসমূহ প্রযোজ্য হবে:

ক) মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী পূর্বাচল নতুন শহরের ১৯ নং সেক্টরে CBD এলাকায় শুধুমাত্র প্রস্তাবিত আইকনিক টাওয়ার নির্মাণের জন্য (এন্টেনা/বাতিঘর/পোলসহ) ৪৭৩মিটার অর্থাৎ ১৫৫২(এক হাজার পাঁচশত বায়ান্ন)ফুট উচ্চতার অনুমোদন প্রদান করা হলো। উক্ত CBD এলাকায় অন্য কোন ভবনের উচ্চতার জন্য এই অনুমোদন প্রযোজ্য হবে না;

খ) বেবিচকের বিধি অনুসারে পূর্বাচল নতুন শহরের ১৯ নং সেক্টরে ৩টি আইকনিক টাওয়ার ব্যতীত উক্ত CBD এলাকায় নির্মিতব্য অন্য সকল ভবন/স্থাপনা/অবকাঠামো সমূহের উচ্চতা (এন্টেনা/বাতিঘর/পোলসহ) ৫০০(পাঁচশত) ফুটের মধ্যে সীমাবদ্ধ থাকবে, বিষয়টি রাজউক নিশ্চিত করবে;

গ) আইকনিক টাওয়ার নির্মাণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে বেবিচক কর্তৃক অনুমোদিত উচ্চতার বিষয়টি ভবিষ্যতে অন্য কোন সংস্থা/ব্যক্তি কর্তৃক স্থাপনা নির্মাণের ক্ষেত্রে উদাহরণ হিসেবে ব্যবহার করা যাবে না, বিষয়টি রাজউক নিশ্চিত করবে;

ঘ) প্রকল্প পরিচালক/ নির্মাণকারী সংস্থা কর্তৃক প্রস্তাবিত ৩(তিন)টি আইকনিক টাওয়ার নির্মাণ স্থানের পৃথক উচ্চতার বিপরীতে ৩(তিন)টি ভৌগলিক স্থানাংক বেবিচক'কে পত্রের মাধ্যমে সরবরাহ করতে হবে;

ঙ) রাজউক/প্রকল্প পরিচালক কর্তৃক নির্মাণকারী প্রতিষ্ঠানের দাখিলকৃত আইকনিক টাওয়ার (৩টি) নির্মাণ কাজের সম্ভাব্য সময়সূচি বেবিচক'কে পত্রের মাধ্যমে অবহিত করবে;

চ) আইকনিক টাওয়ার নির্মাণকাজ শুরুর পরে রাজউক/প্রকল্প পরিচালক কর্তৃক প্রতি ৩(তিন) মাস অন্তর উক্ত এলাকায় স্থাপনার উচ্চতার অগ্রগতির বিষয়ে বেবিচক'কে পত্রের মাধ্যমে অবহিত করবে;

ছ) বেবিচকে CBD এলাকায় স্থাপনার উচ্চতা সংক্রান্ত যেকোন তথ্য প্রয়োজন হলে রাজউক/প্রকল্প প্রতিনিধি/নির্মানকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগের জন্য একটি পয়েন্ট অব কনটাক্ট (নাম, পদবি, ফোন নাম্বার ও ইমেইল নাম্বার) বেবিচক'কে সরবরাহ করবে;

জ) ANO (AD) A1 এবং ICAO Annex-14 এর নিয়ম অনুযায়ী স্থাপনা/ভবনের চুড়ায় (প্রযোজ্য ক্ষেত্রে) লাল প্রতিবন্ধক বাতি সূর্যাস্ত হতে সূর্যোদয় পর্যন্ত এবং খারাপ আবহাওয়ায় জ্বালিয়ে রাখতে হবে।

০৩। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ প্রস্তাবিত স্থানে উপরোক্ত শর্তাবলীর আলোকে অনুমোদিত উচ্চতার মধ্যে স্থাপনা/ভবন নির্মাণ সীমিত রাখা নিশ্চিত করবে।

০৪। সিএএবি'র ওয়েবসাইট ([www.caab.gov.bd](http://www.caab.gov.bd))-এ প্রকাশিত অনুমোদিত উচ্চতার ছাড়পত্রটি যাচাই করণের জন্য রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/নকশা অনুমোদনকারী সংস্থাকে অনুরোধ করা যাচ্ছে।



১৭-১-২০২৩

চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান

চেয়ারম্যান

ফোন: +৮৮-০২-৮৯০১৪০০

ফ্যাক্স: +৮৮-০২-৮৯০১৪১১

ইমেইল: [chairman@caab.gov.bd](mailto:chairman@caab.gov.bd)

**দৃষ্টি আকর্ষণঃ** প্রধান প্রকৌশলী, বাস্তবায়ন অনুবিভাগ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), ঢাকা;  
ফোকাল পারসন, পূর্বাচল আইকনিক টাওয়ার প্রকল্প।

স্মারক নম্বর: [৩০.৩১.০০০০.১৪৪.০২.০১৫.২০.২০/১\(৫\)](#)

তারিখ: ২৫ পৌষ ১৪২৯  
০৯ জানুয়ারি ২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) পরিচালক (এটিএস), এটিএস পরিদপ্তর, বাংলাদেশ বিমান বাহিনী, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৪) প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পূর্বাচল নতুন শহর প্রকল্প অধিশাখা, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), ঢাকা।
- ৫) পরিচালক (সিএনএস), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।



১৭-১-২০২৩

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান  
চেয়ারম্যান